

সৌরবিদ্যুতে উঠবে জল

► কৃষ্ণনগর: সৌর বিদ্যুতের মাধ্যমে মিনি ডিপটিউবঅয়েল ও মিনি রিভার লিফটিং ইরিগেশনগুলিতে (আরএলআই) জল তোলার ব্যবস্থা করা হবে। মঙ্গলবার দুপুরে কৃষ্ণনগরে দফতরের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর এ কথা জানানেন রাজ্যের জল সম্পদ উন্নয়ন দফতরের মন্ত্রী সৌমেন মহাপাত্র। তিনি আরও জানান, ছোট ছোট খালগুলিকে সংস্কার করা হবে। সেগুলিকে সেচের কাজে ব্যবহার করা হবে। এ দিন কৃষ্ণনগরে জেলাশাসকের অফিসে সৌমেনবাবু নদিয়া-মুর্শিদাবাদ এবং উত্তর ২৪ পরগনার জেলা প্রশাসনের কর্মীদের সঙ্গে বৈঠক করেন।

আভযোগ জানানো হয়েছে।

বিপর্যয় রুখতে

» তেহেট্টে: আচমকা কোনও প্রাকৃতিক বিপর্যয় ঘটলে, তা মোকাবিলা করার উপায় জানাতে মহড়া দেখানো হল স্কুল পড়ুয়াদের। মঙ্গলবার তেহেট্টে শ্রীদামচন্দ্র বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের সামনে মহড়া করে দেখান দমকল ও বিপর্যয় মোকাবিলা দলের সদস্যরা। উপস্থিত ছিলেন তেহেট্টের এসডিও। তেহেট্টে ১-এর বিডিও জাহাঙ্গির মল্লিক বলেন, “বন্যা, আগুন, খরা বা ভূমিকম্পের মতো বিপর্যয়ে কী কী করণীয়, তা জানাতে মহড়ার আয়োজন করা হয়।”

দমকল-হানা

১২/০৮/১৯

স্বাক্ষরিত তারিখ ২৬ মে ২০১৯

